আমরা জনগণের পক্ষে
বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
র ॥ ২০ জুন ২০২৬ ॥ ৬ আষাঢ় ১৪৩৩



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে গতকাল অনুষ্ঠিত প্রোগ্রামিং ও গেমিং প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা —বাংলাদেশ প্রতিদিন

# নর্থ সাউথে প্রোগ্রামিং ও গেমিং প্রতিযোগিতা সাইবারনটস অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে (এনএসইউ) অনুষ্ঠিত হয়েছে প্রোগ্রামিং ও গেমিং প্রতিযোগিতা সাইবারনটস-২০২৬। গতকাল প্রযুক্তিবিষয়ক সমস্যা সমাধান প্রতিযোগিতা ডাটাথনের মধ্য দিয়ে শেষ হয় এ প্রতিযোগিতা। সকাল ৮টা থেকে শুরু হয়ে প্রতিযোগিতা চলে রাত ৮টা পর্যন্ত। এতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ ১০টি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দল অংশ নেয়। এনএসইউ কম্পিউটার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ক্লাবের (সিইসি) আয়োজিত এ প্রতিযোগিতা পরিচালনা করে বিকাশের একটি প্রতিনিধিদল এবং এর মিডিয়া পার্টনার বাংলাদেশ প্রতিদিন। আয়োজকরা জানান, প্রতিযোগিতার দ্বিতীয় পর্যায়ে ১০টি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দলের প্রায় ১০০ জন প্রতিযোগী অংশ নেন। তারা প্রায় ১২ ঘণ্টা ধরে বিকাশের একটি ফিনটেক সমস্যা সমাধান করেন। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী বলেন, ডাটাথনের মতো চ্যালেঞ্জিং প্রতিযোগিতা শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার অন্যতম একটি সুযোগ। এর মাধ্যমে শিক্ষার্থীরা দেশে এবং বিদেশে সমস্যা সমাধানে নিজেদের দক্ষতা প্রমাণ করতে পারবে। এ সময় আরও উপস্থিত ছিলেন

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৫

[তৃতীয় পৃষ্ঠার পর] বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস বিভাগের ডিন অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন, ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের চেয়ারম্যান অধ্যাপক ড. আবদুল মতিন, এনএসইউ কম্পিউটার অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ক্লাবের উপদেষ্টা প্রভাষক মো. শাহরিয়ার হোসেন, বিকাশের প্রোডাক্ট ও টেকনোলজি ডিপার্টমেন্টের হেড আমিরুল ইসলাম ও ডাটা সাইন্টিস্ট আরিফুল হোসেন তুহিন প্রমুখ।

North South University Library
★1992★